

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১০০

তারিখ : ১৩ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২০ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

  
১৩.৬.২২  
সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি

ও

উপজেলা প্রাণীসম্পদ অফিসার  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রাসঅ/নাগ/কুড়ি/২০২২/ ১০০ (৩)

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

তারিখ :

স্বাক্ষরিত

সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক কমিটি






ও

উপজেলা প্রাণীসম্পদ অফিসার  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা মৎস্য ও প্রাণী বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।  
তারিখ : ২০ জুন ২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ টা  
স্থান : উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি		
২	চেয়ারম্যান, রামখানা ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	চেয়ারম্যান, কালীগঞ্জ ইউনিয়ন, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৪	উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উল্লয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

### আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণিসম্পদ অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাস্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বন্যা পরবর্তী গরু, ছাগল ও ভেড়ার রোগ নিরাময়ের জন্য বিনামূল্যে টিকা প্রদান করা হয়েছে। বন্যাক্রান্ত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে টিকা প্রদান করা হচ্ছে। কোথাও অনাকাঙ্ক্ষিত রোগ দেখা দিলে তা সাথে সাথে প্রাণিসম্পদ অফিসে জানালে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তিনি জানান বিভিন্ন গবাদি পশু, হাঁস-মুরগির, টিকা প্রদান কার্যক্রম নিয়মিত ভাবে চলছে। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান, আমিষের চাহিদার যোগান ও নিরাপদ কর্মসংস্থানে মৎস্য সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই মৎস্য চাষে সকলকে উদ্বুদ্ধ করতে সকলের সহযোগিতা কামনা করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি জানান যে, মাছে ক্ষতিকারক ফরমালিনের ব্যবহার রোধে নিয়মিত প্রাম্যমান আদালত পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।